



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজিএ/কাস/২০২২/৯৬

তারিখ: ১৪/০৫/২০২২

সম্মানিত সকল সদস্যের জন্য


বিষয়: রপ্তানিকার্য সম্পাদনের ১৪ দিনের মধ্যে সংশ্লিষ্ট জাহাজীকরণের তথ্যাদি Online Export Monitoring System-এ রিপোর্টকরণ প্রসঙ্গে।

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **Online Export Monitoring System-এ** প্রাপ্ত বিল অব এক্সপোর্ট সংশ্লিষ্ট ইএক্সপির বিপরীতে জাহাজীকরণ তথ্যাদি (ডুপ্লিকেট) রিপোর্ট না করার কারণে রপ্তানিকারকদের ইউজার আইডি সিস্টেম বাংলাদেশ ব্যাংক কর্তৃক বন্ধ (Lock) করা হচ্ছে। বর্ণিত ইএক্সপিসমূহের ডুপ্লিকেট রিপোর্টিং সম্পন্ন হলে উক্ত ইউজার আইডিসমূহ পুনরায় সচল করার সুযোগ রয়েছে। এ সময়কালে স্ব-স্ব এডি ব্যাংকের মাধ্যমে রপ্তানিকারকগণ নতুন ইএক্সপি ইস্যু করতঃ রপ্তানি কার্যক্রম চলমান রাখতে পারবেন।

যথাসময়ে ডুপ্লিকেট রিপোর্ট সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালিত না হলে পর্যায়ক্রমে এ'জাতীয় রপ্তানিকারকগণের ইউজার আইডি লক করাসহ সংশ্লিষ্ট এডি ব্যাংকসমূহের এডি লাইসেন্স বাতিল করা হবে মর্মে বাংলাদেশ ব্যাংক নির্দেশনা জারী করেছে।

এ'সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের পত্র স্মারক নং- এফওডি/এক্সপোর্টট্রেড/৫৩৪/২০২২-১৭৬৭ তারিখ: ০৯/০৫/২০২২ আপনাদের প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

ধন্যবাদান্তে

মোঃ ফরজুর রহমান
মহাসচিব



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।



ফরেন এক্সচেঞ্জ অপারেশন ডিপার্টমেন্ট
(এক্সপোর্ট ট্রেড শাখা)

সূত্র নং- এফইওডি/এক্সপোর্ট ট্রেড/৫৩৪/২০২২- ১৭৬৭

তারিখঃ ০৯/০৫/২০২২ ইং

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/ কান্ট্রি ম্যানেজার
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী এডি ব্যাংক

প্রিয় মহোদয়,

**রপ্তানিকার্য সম্পাদনের ১৪ দিনের মধ্যে সংশ্লিষ্ট জাহাজীকরণের তথ্যাদি
Online Export Monitoring System এ রিপোর্টকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রাঞ্জেকশন্স, ২০১৮ এর ভলিউম ১, অধ্যায় ৮, অনুচ্ছেদ ১০(iii) এর নির্দেশনার প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২) জানুয়ারি'২০১৬ হতে ডিসেম্বর'২০২১ সময়কালে Online Export Monitoring System এ প্রাপ্ত বিল অব এক্সপোর্ট সংশ্লিষ্ট ইএক্সপি'র বিপরীতে জাহাজীকরণ তথ্যাদি (ডুপ্লিকেট) রিপোর্ট না করার দায়ে অপরপৃষ্ঠায় বর্ণিত তালিকা অনুযায়ী ২৫ জন রপ্তানিকারকের ইউজার আইডি সিস্টেমে বন্ধ (Lock) করা হয়েছে।

০৩) বর্ণিত ইএক্সপিসমূহের ডুপ্লিকেট রিপোর্টিং সম্পন্ন হলে উক্ত ইউজার আইডিসমূহ পুনরায় সচল করার সুযোগ রয়েছে। এ সময়কালে স্ব-স্ব এডি ব্যাংকের মাধ্যমে উল্লিখিত রপ্তানিকারকগণ নতুন ইএক্সপি ইস্যু করতঃ রপ্তানি কার্যক্রম চলমান রাখতে পারবেন।

০৪) ইত্যবসরে, উক্ত রপ্তানিকারকগণের রপ্তানির বিপরীতে নগদ সহায়তা, ইডিএফ ঋণ সুবিধা ও ব্যাক-টু-ব্যাংক এলসি সুবিধা প্রদানে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হল।

০৫) এতদ্ব্যতীত, যথাসময়ে ডুপ্লিকেট রিপোর্ট সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা যথাযথভাবে পরিপালিত না হলে পর্যায়ক্রমে এ জাতীয় অন্যান্য রপ্তানিকারকগণের ইউজার আইডি লক করাসহ সংশ্লিষ্ট এডি ব্যাংকসমূহের এডি লাইসেন্স বাতিল করা হবে- মর্মে আপনাদেরকে কঠোরভাবে সতর্ক করা হল।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ মোকাদ্দেম আহামদ)
যুগ্ম-পরিচালক

ফোনঃ +৮৮ ০২ ৫৫৬৬৫০০১-৫/২১১৫১